

# রাজশাহী নির্বাচন: বাড়লো নির্বাচনী প্রচারণার সময়

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ২৩:০২, ৪ অক্টোবর ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রচারণার সময় বেড়েছে। শনিবার (৪ অক্টোবর) সন্ধিয়ায় প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ফকির নজরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামীকাল ৫ অক্টোবর সকাল ৮টা থেকে ১৪ অক্টোবর মঙ্গলবার রাত ১২টা পর্যন্ত নির্বাচন প্রচারণা কার্যক্রম চালানো যাবে। তবে পূর্বের ন্যায় নির্বাচনী সকল আচরণবিধি যথাযথভাবে অনুসরণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রার্থী তালিকা চূড়ান্ত হওয়ার দিন থেকে ভোট গ্রহণের ২৪ ঘণ্টা আগ পর্যন্ত সব ধরনের নির্বাচনী প্রচারণা করা যেত। প্রচারণার সময় ছিল সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত। গত ১৪ সেপ্টেম্বর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ হওয়ার পর থেকেই প্রচারণার কার্যক্রম শুরু হয়। কিন্তু পোষ্যকোটা বাতিলসহ চলমান শাটডাউন কর্মসূচীর কারণে গত ২২ সেপ্টেম্বর নির্বাচনের তিনদিন পূর্বে নতুন তারিখ ঘোষণা করে নির্বাচন কমিশন। এছাড়া গত ২৯ সেপ্টেম্বর থেকে শারদীয় দুর্গোৎসবের ছুটি শুরু হওয়ায় বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ ছিল, যা আগামীকাল ৫ অক্টোবর থেকে শুরু হবে।

বিজ্ঞপ্তিতে নির্বাচনী আচরণবিধি পূর্বের ন্যায় মেনে চলার কথা পুনর্ব্যক্ত করা হয়েছে। আচরণবিধি অনুযায়ী, প্রার্থী ও ভোটার ছাড়া অন্য কেউ কোনোভাবেই কোনো প্রার্থীর পক্ষে বা বিপক্ষে বিশ্ববিদ্যালয় এলাকায়

প্রচারণা চালাতে পারবেন না। নির্বাচনী প্রচারণায় কেবল সাদা-কালো পোস্টার ব্যবহার করা যাবে। কোনো ভবনের দেয়ালে নির্বাচনসংক্রান্ত লেখা ও পোস্টার লাগানো যাবে না।